

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়  
সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।


নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬- ২ ৬ ৯

তারিখঃ ০৭/১১/২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিবিধ কারণে হিসাবরক্ষণ কার্যালয়সমূহ হতে প্রতিপাদনকৃত অনলাইন পে-ফিক্সেশন বাতিলের জন্য এ কার্যালয়সহ ডিসিএ কার্যালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হচ্ছে, যার অধিকাংশই বাতিল না করে “বেতন পুনঃনির্ধারণ” অপশন ব্যবহার করে বেতন পুনরায় নির্ধারণ করা সম্ভব। অধিকন্তু প্রতিপাদনকৃত অনলাইন পে-ফিক্সেশন বাতিল করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংরক্ষণ সম্ভব হয় না।

এমতাবস্থায়, চাকরি হতে অব্যাহতি, চাকুরী পরিবর্তন ও জাতীয় পরিচয়পত্র (NID) সংশোধনের ফলে কোন তথ্য সংশোধনের জন্য প্রতিপাদনকৃত অনলাইন পে-ফিক্সেশন বাতিলের নিমিত্ত এ কার্যালয়ে প্রেরণের এবং অন্যান্য ক্ষেত্রে “বেতন পুনঃনির্ধারণ” অপশন ব্যবহার করে বেতন পুনঃনির্ধারণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। “বেতন পুনঃনির্ধারণ” অপশন ব্যবহার করার ক্ষেত্রে এ কার্যালয়ের ১৭/১০/২০১৭ খ্রিঃ তারিখের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬-২৪৯ এর নির্দেশনা অবশ্য প্রতিপালনীয়।

  
(সুমন কুমার শর্মা) ০৭.১১.২০১৭

উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)  
ফোন : ৪৯৩৪৯৮৪৪।

কার্যার্থে প্রেরণ করা হলো :

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

সকল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়কে অবহিতকরণের  
অনুরোধসহ।

৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। অফিস কপি।

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬- ২ ৬ ৯

তারিখঃ ০৭/১১/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :


১। কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি  
ইউসেফ চেইনী টাওয়ার, ২৫, সেগুনবাগিচা, ঢাকা।

২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/ হিসাব ও পদ্ধতি)।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ ভবন, ঢাকা।

৪। পিএস টু সিজিএ।

৫। অফিস কপি।



(মোসাঃ ইফফাত আরা খাতুন)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা  
ফোন : ৯৩৫৬৫০২।